

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৫.১৯.৩১

তারিখ: ৮ মাঘ ১৪২৬

২২ জানুয়ারি ২০২০

বিষয়: প্রকল্পের চাকুরি হতে চূড়ান্ত অব্যাহতি প্রদান।

জনাব রাজেশ কর্মকার, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া-এর বিরুদ্ধে অর্থ আত্মসাৎ, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এবং প্রকল্পের কাজে অনীহাসহ নানাবিধ বিষয়ে অভিযোগ পাওয়া গেছে, এ প্রেক্ষিতে তাকে প্রকল্প সদর কার্যালয়ের ৩০.০৪.২০১৯ তারিখের ১৫৯ নং স্মারক মূলে প্রকল্পের চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া-তে সংযুক্ত করা হয়। একইসাথে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়। কিন্তু অদ্যবধি তিনি কৈফিয়ত তলবের কোন জবাব প্রদান করেননি মর্মে উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন।

২। বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, ধৃষ্টতা, আর্থিক অনিয়ম ও দুর্নীতির সামিল। এহেন অবস্থায় তাকে প্রকল্পের চাকুরিতে বহাল রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করেন। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬ (ছয়) নং শর্তানুযায়ী প্রকল্পের চাকুরি হতে চূড়ান্ত অব্যাহতি প্রদান করা হলো।

৩। একইসাথে আত্মসাতকৃত টাকা অত্র আদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আত্মসাতকৃত অর্থ আদায়পূর্বক যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য জেলা সমন্বয়কারী ও উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া-কে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে আত্মসাতকৃত অর্থ জমা প্রদান না করলে অভিযুক্ত মাঠ সহকারী, জনাব রাজেশ কর্মকার-এর বিরুদ্ধে দুর্নীতি দমন আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করার অনুমতি প্রদান করা হলো।



২২-১-২০২০

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব রাজেশ কর্মকার, মাঠসহকারী, আমার বাড়ি আমার
খামার প্রকল্প, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৫.১৯.৩১/১(৯)

তারিখ: ৮ মাঘ ১৪২৬

২২ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০।

২) জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

- ৩) উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৯) সংশ্লিষ্ট নথি।



২২-১-২০২০

আকবর হোসেন
প্রকল্প পরিচালক